

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
লেজিসলেটিভ সাপোর্ট উইং
আইন শাখা-১
www.parliament.gov.bd

বৃহস্পতিবার ১৯ চৈত্র ১৪৩২ মোতাবেক ২ এপ্রিল ২০২৬
বিকাল ৩:৩০ মিনিটে অনুষ্ঠেয় সংসদের বৈঠকের জন্য

দিনের কার্যসূচি

প্রশ্ন

প্রশ্ন জিজ্ঞাসা এবং উত্তর
(তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এবং বিদ্যুৎ বিভাগ)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর আওতায় প্রাপ্ত নোটিশসমূহ নিম্নলিখিত।

বেসরকারি সদস্যদের সিদ্ধান্ত-প্রস্তাব

উত্থাপনীয় সিদ্ধান্ত প্রস্তাব

- ১। জনাব মোহাম্মদ শামীম কায়সার (গাইবান্ধা-৪), মাননীয় সদস্য, নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন:-
“সংসদের অভিমত এই যে, রংপুর সুগার মিলস লিমিটেড পুনরায় চালু করা হউক।”।
(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)
- ২। জনাব মোহাম্মদ আজহারুজ্জামান (ময়মনসিংহ-১০), মাননীয় সদস্য, নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন:-
“সংসদের অভিমত এই যে, ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলায় একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হউক।”।
(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)
- ৩। জনাব জয়নাল আবদিন (ফেনী-২), মাননীয় সদস্য, নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন:-
“সংসদের অভিমত এই যে, ফেনী জেলা সদরে একটি মেডিকেল কলেজ প্রতিষ্ঠা করা হউক।”।
(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)
- ৪। জনাব আজহারুল ইসলাম মান্নান (নারায়ণগঞ্জ-৩), মাননীয় সদস্য, নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন:-
“সংসদের অভিমত এই যে, নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ থানায় ২০০ শয্যা বিশিষ্ট একটি হাসপাতাল প্রতিষ্ঠা করা হউক।”।
(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)
- ৫। জনাব মোঃ মাজেদুর রহমান (গাইবান্ধা-১), মাননীয় সদস্য, নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন:-
“সংসদের অভিমত এই যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার পূর্বাঞ্চলে সাতটি ইউনিয়নকে নিয়ে নতুন উপজেলা গঠন করা হউক।”।
(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

বিশেষ কমিটির রিপোর্ট উপস্থাপন

জনাব জয়নুল আবেদীন (বরিশাল-৩), মাননীয় সভাপতি, বিশেষ কমিটি, কার্যপ্রণালী-বিধির ২১১ বিধির (১) উপ-বিধি অনুযায়ী ত্রয়োদশ জাতীয় সংসদের ‘বিশেষ কমিটি’র রিপোর্ট সংসদে উপস্থাপন করিবেন।

রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাব

মহামান্য রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাবের উপর আলোচনা।

ঢাকা,
১৮ চৈত্র ১৪৩২
১ এপ্রিল ২০২৬

ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূঁইয়া
সচিব।